

## ঐতিহ্যবাহী ঢাকা আলীয়া মাদ্রাসাকে বিশ্ববিদ্যালয়ে উন্নীত করা হবে

শিক্ষা সচিব

স্টাফ রিপোর্টার : শিক্ষা সচিব মোহাম্মদ শহীদুল আলম বলেছেন, ২২২ বছরের সুপ্রাচীন ও ঐতিহ্যবাহী ইসলামী শিক্ষা প্রতিষ্ঠান ঢাকার সরকারী আলীয়া মাদ্রাসাকে বিশ্ববিদ্যালয়ে উন্নীত করা হবে। তবে এ জন্য এই শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রবেতন এবং নিজস্ব আয় বাড়াতে হবে। গতকাল (বুধবার) ঢাকার আলীয়া মাদ্রাসায় 'সন্ত্রাস নির্মূল ও শিক্ষার মানোন্নয়ন' শীর্ষক এক সেমিনারে প্রধান অতিথির বক্তৃতায় তিনি একথা বলেন। উল্লেখ্য, দেশের ৮টি প্রাচীন

ও খ্যাতনামা কলেজকে বর্তমান সরকার বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের জন্য আইন প্রণয়ন করছে। এই ধারায় শিক্ষা মন্ত্রণালয় নিষ্কল নিয়ে কার্যকর উদ্যোগ গ্রহণ করলে আলীয়া মাদ্রাসাকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করা কেবল সময়ের ব্যাপারমাত্র। সেমিনারে শিক্ষা সচিব বলেন, বর্তমান সরকার শিক্ষার মানোন্নয়নের যে পরিকল্পনা গ্রহণ করেছে তার মূল ভিত্তিই হচ্ছে শিক্ষা কারিকুলামে নৈতিকতার ওপর সর্বাধিক জোর দেয়া।  
৭-এর পৃঃ ২-এর কঃ দেখুন

## ঢাকা আলীয়া মাদ্রাসা

প্রথম পৃষ্ঠার পর  
আর মাদ্রাসা শিক্ষাকেই এই নৈতিকতা শিক্ষার প্রধান ভিত্তি উল্লেখ করে তিনি বলেন, শিক্ষার নৈতিকতা সংযোজন করতে পারলে এদেশের শিক্ষার যেমনি মান উন্নীত হবে তেমনি সন্ত্রাসও কমে যাবে। তিনি বলেন, ইসলামের মূল শক্তিই হচ্ছে তার নৈতিকতার ভিত্তি। কিন্তু আমাদের বর্তমান শিক্ষায় এই নৈতিকতার প্রচণ্ড অভাব রয়েছে বলেই বাংলাদেশ আজ সন্ত্রাস ও দুর্নীতিতে বিশেষ শীর্ষস্থান প্রাপ্তির অপবাদ কুড়িয়েছে। তিনি বলেন, আমাদের ইতিহাসে শুধু ১৯৭১ সাল থেকে শুরু হয়নি। আমাদের ইতিহাস হয়রত আদম (আঃ)-এর সময়কাল থেকেই শুরু হয়েছে। কিন্তু একটি মহল এই ইসলামের ইতিহাস ও সংস্কৃতি আমাদের ভুলিয়ে দেয়ার জন্য নানাভাবে সচেষ্ট রয়েছে। তারা এদেশের মুসলমানদের একটি সংকীর্ণ গতির মধ্যে সীমাবদ্ধ করে রাখতে চায় এবং ইসলামের কথা বললেই তাকে হেয় ও অপদস্থ করার জন্য 'মৌলবাদী' বলে গালি দেয়া হয়। তিনি ইসলামবিরোধীদের এই কর্মকাণ্ড ও প্রচার-প্রচারণাকেও এক ধরনের সন্ত্রাস আখ্যায়িত করে বলেন, পশ্চিমা ইহুদী-খ্রিস্টানদের মৃত্যুর ওপর তাদের স্রষ্টার বাণী লেখা থাকলেও মৌলবাদ হয় না অথচ মুসলমানরা এটি করলেই মৌলবাদ বলে ঘৃণা ছড়ানো হয়। জানাব শহীদুল আলম মাদ্রাসাগুলোতে ইসলাম নিয়ে গবেষণার এবং এদেশের মাদ্রাসা শিক্ষাকে আন্তর্জাতিকমানে উন্নীত করার জন্য প্রয়োজনে ইসলামী দেশগুলো থেকেও শিক্ষক আনার জন্য আহবান জানিয়ে বলেন, মাদ্রাসার ফায়িল ও কামিল শ্রেণীকে বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী ও মাস্টার্সের সমমান ঘোষণার জন্য একটি প্রস্তাব বর্তমানে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার অনুমোদনের অপেক্ষায় রয়েছে। এটি হয়ে গেলে মাদ্রাসার ছাত্র-ছাত্রীরাও বিসিএস পরীক্ষা দিয়ে প্রথম শ্রেণীর সরকারী চাকরিতে প্রবেশে সক্ষম হবে। শিক্ষা সচিব ঢাকার সরকারী আলীয়া মাদ্রাসার জন্য অচিরেই ১শ' সীটের একটি নতুন হোস্টেল নির্মাণ এবং ১০টি কম্পিউটার দিয়ে একটি কম্পিউটার ল্যাবরেটরী তথা কম্পিউটার সেন্টার স্থাপনের ঘোষণা দেন। তিনি এই মাদ্রাসার প্রাচীন পাঠাগারটিকেও সরকার জনস্বার্থে নির্দিষ্ট পদক্ষেপ গ্রহণের আশ্বাস দেন এবং দেশের মাদ্রাসাগুলোতে শিক্ষকের শুল্ক পদসমূহ পূরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে বলে জানান।  
ঢাকা সরকারী আলীয়া মাদ্রাসার প্রিন্সিপাল প্রফেসর মনসুরুল রহমানের সভাপতিত্বে গতকাল মাদ্রাসার নিজস্ব মিলনায়তনে অনুষ্ঠিত এই সেমিনারে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর আবদুর রশিদ, পরিচালক মোহাম্মদ মোজাফফর আহমদ, ঢাকা কলেজের প্রিন্সিপাল প্রফেসর ডঃ শফিউর রহমান, ইডেন মহিলা কলেজের প্রিন্সিপাল প্রফেসর দিলারা হাফিজ, সরকারী বিজ্ঞান কলেজের প্রিন্সিপাল প্রফেসর দিলারা জাহান, মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটের সাবেক পরিচালক প্রফেসর তমিজউদ্দিন আহমদ প্রমুখ।